24 MAR 2003

# চবি পরিস্থিতি জটিল হচ্ছে : হামলায় প্রক্টর আহত

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি ক্রমশ জটিল আকার ধারণ করছে। শনিবার রাতে নগরীর একটি ক্লিনিকে আহত ছাত্রলীগের নেতাকর্মীদের দেখতে গেলে প্রক্টর প্রফেসর এম মুজিবুর রহমান

জটিল : পৃষ্ঠা ২ : কলাম ৬

## জটিল : চবি পরিস্থিতি

(শেষ পৃষ্ঠার পর)

একদল ছাত্রের হামলায় আহত হয়ন, তার গাড়িও ভাংচুর করা হয়েছে। গতকাল রোববার সকালে ছাত্রলীগের কর্মীরা আবার শাটল ট্রেনের পরিচালক ও ষোলশহর স্টেশন মাস্টারকে অপহরণ করে। গত ১৭ মার্চ ক্যাম্পাসে, ছাত্রশিবির ও ছাত্রলীগের সংঘর্ষের পর ১৮ মার্চ থেকে উভয় সংগঠন ক্যাম্পাসে লাগাতার অবরোধের ডাক দেয়।

ছাত্রশিবির ও ছাত্রলীগের লাগাতার অবরোধের কারণে গত শনিবার থেকে বিশ্ববিদ্যালয় সকল প্রকার একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে। গতকাল রোববারও ক্যাম্পাসে কোন শাটল ট্রেন যায়নি। ফলে শিক্ষার্থীবিহীন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় একটি ভুতুড়ে ক্যাম্পাসে পরিণত হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীর ওপর শিবিরের হামলার প্রতিবাদে পূর্বনির্ধারিত কর্মসূচির অংশ হিসেবে গতকাল রোববার চট্টগ্রাম প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করে।

জানা যায়, শনিবার রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর এম মুজিবুর রহমান নগরীর গোলপাহাড় মোড়ে একটি ক্লিনিকে চিকিৎসাধীন ছাত্রলীগ কর্মীদের দেখতে গেলে বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীদের তোপের মুখে পড়েন। ক্লিনিক থেকে বেরিয়ে তিনি কারে উঠতে গেলে ছাত্রলীগ কর্মীরা প্রক্টর ও তার গাড়ি লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করলে তিনি আহত এবং গাড়ির কাচ ভেঙে যায়। গতকাল ক্যাম্পাসে প্রক্টর অফিসে গি... জানা যায়, তিনি অসুস্থ, তিনদিনের ছুটি নিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের এ জটিল পরিস্থিতির মধ্যে কর্তৃপক্ষ 'ক' ইউনিটের অধীন ফিজিক্যাল ও বায়োলজিক্যাল সায়েন্সের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের সাক্ষাতের সময় পরিবর্তন করেনি। গতকাল থেকে এ সাক্ষাৎকার পর্ব শুরু হলেও ভর্তি পরীক্ষায় পাস করা অনেক শিক্ষার্থী ক্যাম্পাসে যায়নি। বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে জানানো হয়, তালিকার উপরের দিকের শিক্ষার্থীরা উপস্থিত না হলে অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থীদের নেয়া হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, ছাত্রলীগ ও ছাত্রশিবিরের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি স্বাভাবিক করার প্রক্রিয়া অব্যাহত আছে।